# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ইমামের জন্য তার অধিনস্থ লোকদের সামনে মেসওয়াক করা বৈধ, যদি তা তাদেরকে লজ্জা বা বিব্রতকর অবস্থায় ফেলে না দেয়

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْإِمَامِ أَنْ يَسْتَاكَ بِحَضْرَةِ رَعِيَّتِهِ إِذَا لَمْ يَكُنْ يَحْتَشِمُهُمْ فِيهِ

আরবী

1068 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَا: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنِي حُمَيْدُ بْنُ هِلَالٍ قَالَ: حَدَّثَنِي أَبُو بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: أَقْبَلْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعِي رَجُلَانِ مِنَ الأشعَرِيِّين أَحَدُهُمَا عَنْ يَمِينِي وَالْآخَرُ عَنْ يَسَارِي وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ فَكِلَاهُمَا سَأَلَا الْعَمَلَ قُلْتُ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَطْلَعَانِي عَلَى مَا فِي أَنْفُسِهِمَا وَمَا شَعَرْتُ أَنَّهُمَا يَطْلُبَانِ الْعَمَلَ فَكَأَنِّي أَنْظُرُ إِلَى سِوَاكِهِ تَحْتَ شَفَتِهِ قَلَصَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّا لَا ـ أَوْ لَنْ ـ نَسْتَعِينَ عَلَى عَمَلِنَا مَنْ أَرَادَهُ لَكِنِ اذْهَبْ أنت) فبعثه على اليمين ثم أردفه معاذ بن جبل.

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1068 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১০৬৮. আবূ মুসা আশ‘আরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আগমন করি, এসময় আমার সাথে আশ‘আরী গোত্রের আরো দুইজন ছিলো; একজন আমার ডানে আরেক আমার বামে আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসময় মেসওয়াক করছিলেন। অতঃপর আমাদের সাথীর দুইজনই রাষ্টীয় কাজে নিয়োগের আবেদন করলেন। আমি বললাম, “ঐ সত্তার কসম, যিনি আপনাকে হকসহ পাঠিয়েছেন, ওদের মনে যা রয়েছে, তা তারা আমাকে জানায়নি আর আমি নিজেও বুঝতে পারিনি যে, তারা আপনার কাছে নিয়োগের আবেদন করবেন! আমি যেন দেখতে পাচ্ছি  ঠোটের নিচে তাঁর

মেসওয়াক যা তিনি চাবাচ্ছিলেন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, “আমরা আমাদের কাজে সাহায্য নেই না অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) কখনই সাহায্য নিবো না এমন ব্যক্তির, যে ব্যক্তি তা প্রার্থনা করে। বরং তুমি যাও।” অতঃপর তিনি তাকে (আবূ মুসা আশ‘আরী রাদ্বিয়াল্লাহু আনহু) ইয়ামানে (এর গভর্নর করে) পাঠান। তারপর তিনি মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহুকে তার পিছে পাঠান।”[1]

## ফুটনোট

[1]নাসাঈ: ১/৯,১০; মুসনাদ আহমাদ: ৪/৪০৯; সহীহ বুখারী: ৬৯২৩; সহীহ মুসলিম: ১৭৩৩; আবূ দাঊদ: ১৩৫৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১০৬৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন